

সংগ্রাম'র
নবনির্বাচিত কার্যনির্বাহী
পরিষদের সকলকে সংগ্রাম
পরিবারের পক্ষথেকে
ফুলেল শুভেচ্ছা ও
অভিনন্দন।

# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

১৯ তম বর্ষ | সংখ্যা ৬৭ | জুলাই ২০২৩


## অতিদরিদ্র ৪১ শিক্ষার্থী পেলো ৫ লাখ ১৩ হাজার টাকা শিক্ষাবৃত্তি

বরিশাল বিভাগের বিভিন্ন জেলার অতিদরিদ্র পরিবারের মেধাবী ৪১ জন শিক্ষার্থীর মধ্যে ৫ লাখ ১৩ হাজার টাকা শিক্ষাবৃত্তির চেক প্রদান করা হয়েছে। পিকেএসএফ'র অর্থায়নে ১০ জুলাই সংগ্রাম'র প্রধান কার্যালয়ে আয়োজিত শিক্ষাবৃত্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে চেক তুলে দেন বরগুনার অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ মোজাম্মেল হোসেন।




সংগ্রাম'র কার্যনির্বাহী পরিষদ'র সভাপতি অধ্যক্ষ মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন'র সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরাম'র সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবদুল মোতালেব মৃধা, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম ও জেলা শিক্ষা অফিস'র স্কুল পরিদর্শক মো: রফিকুল ইসলাম। বক্তব্য রাখেন সংগ্রাম'র পরিচালক (ক্রেডিট) মো: হুমায়ুন কবির, শিক্ষার্থী অভিভাবক মোঃ নুরুল ইসলাম, শিক্ষাবৃত্তি প্রাপ্ত নিশাদ জাহান সাদিকা ও হামিদা। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- এ. এন. এম আশরাফ উদ্দিন সহকারী পরিচালক (প্রোগ্রাম), সহকারী পরিচালক (ক্রেডিট) মো: ফয়সাল আহম্মাদ, সংগ্রাম'র কর্মকর্তাবৃন্দ এবং আগত শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

সংগ্রাম নিজস্ব অর্থায়নে দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ শিক্ষায় অধ্যায়নরত, তাদের জন্য 'বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি' সংগ্রাম-এ চলমান রয়েছে। এর আওতায় মেডিকেল'র মেধাবী শিক্ষার্থী মো: ইসমাইলকে এই অনুষ্ঠানের মাধ্যমে ৩৩ হাজার টাকা প্রদান করা হয়েছে। এছাড়া এইচএসসি পড়ুয়া ৪০জন শিক্ষার্থীর ৪ লক্ষ ৮০ হাজার টাকা প্রদান করা হয়েছে। পিকেএসএফ ও সংস্থা এযাবৎ ৫২০ জন শিক্ষার্থীর মাঝে ৭২ লাখ ৪৮ হাজার টাকা শিক্ষাবৃত্তি প্রদান করেছে। সংগ্রামের প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম বলেন, শিক্ষার্থীদের সঠিক শিক্ষার মূল্যায়ন এবং দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষার ক্ষেত্রে সচ্ছলতা ফিরিয়ে আনতেই এই উদ্যোগ। শিক্ষার্থীদের শিক্ষার মান অক্ষুন্ন রাখতে এমন ধারাবাহিকতা অব্যাহত থাকবে। অনুষ্ঠানের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের শিক্ষার ক্ষেত্রে নানামুখী উদ্যোগ নিয়েছেন। পাশাপাশি এরকম বেসরকারি উদ্যোগও প্রয়োজন রয়েছে। এভাবেই বঙ্গবন্ধুর সোনার বাংলায় সোনার মানুষ তৈরি হবে।

## PKSF-এর সহযোগিতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থ সহায়তা প্রদান

প্রমোটিং এগ্রিকালচারাল কমার্শিয়ালাইজেশন এন্ড এন্টারপ্রাইজ (পেস)'র আওতায় 'ক্ষুদ্র উদ্যোগে উৎপাদিত পণ্যের মানোন্নয়ন, ব্র্যান্ডিং এবং ই-কমার্স ভিত্তিক বিপণন' বিষয়ক উপ-প্রকল্পের মাধ্যমে বরগুনা ও পটুয়াখালী জেলার ২৫জন ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। ২৪ জুন বরগুনার শহীদ স্মৃতি সড়কে সংগ্রাম প্রধান কার্যালয়ের হলরুমে এ অর্থ সহায়তার চেক হস্তান্তর করা হয়। এর মধ্যে ২৫ হাজার করে ৭জন, ১৪ হাজার করে ৪জন ও ১০ হাজার করে ১৪ জনকে মোট ৩ লাখ ৬৯ হাজার টাকার চেক প্রদান করা হয়। বরগুনা জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর'র উপ-পরিচালক মেহেরুন নাহার মুন্নি প্রধান অতিথি হিসেবে ২৫ জন ক্ষুদ্র উদ্যোক্তার হাতে সহায়তা হিসেবে চেক তুলে দেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়'র বরগুনার তথ্য সেবা কর্মকর্তা সাবিনা ইয়াসমিন, জাতীয় মহিলা সংস্থা বরগুনার প্রশিক্ষণ কর্মকর্তা মো: রাসেল। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- সংগ্রাম'র পরিচালক (ঋণ) মোঃ হুমায়ুন কবির, সহকারী পরিচালক এ এন এম আশরাফ উদ্দিন, সহকারী পরিচালক ফয়সাল আহম্মাদ, আইসিটি প্রজেক্ট ম্যানেজার মোঃ আল আমিন। অনুষ্ঠানে ১১ জনের ক্ষুদ্র উদ্যোগের ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। এ সময় ওই সকল উদ্যোক্তাগণ তাদের উঠে আসার সংক্ষিপ্ত গল্প তুলে ধরেন। অনুষ্ঠানের প্রধান অতিথি মেহেরুন নাহার মুন্নি তার বক্তৃতায় বলেন- নারী উদ্যোক্তাদের কারণেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। চাকরি নয়, উদ্যোক্তা সৃষ্টি করতে হবে; প্রধানমন্ত্রীর এমন কথাকে বাস্তবায়ন করতে হলে নারীদের এগিয়ে আসতে হবে। কেবল পুরুষ নয়, নারীরা স্মার্ট বাংলাদেশ ও অর্থনৈতিক চাকা ঘোরাতে সম্মুখভাগে কাজ করে যাচ্ছেন। তিনি আশা ব্যক্ত করেন যে, বরগুনার ক্ষুদ্র এই উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সম্পর্কে দেশের সকলের কাছে পরিচিতি লাভ করবে। প্রকল্প ব্যবস্থাপক জানান, বরিশাল বিভাগের ১৮৫জন উদ্যোক্তাকে অর্থ সহায়তা প্রদান করার প্রক্রিয়া চলমান রয়েছে, যার মধ্যে এ অনুষ্ঠানের মাধ্যমে ২৫জনকে অর্থ সহায়তা প্রদার করা হয়েছে। এছাড়া দু'টি বিষয়ের উপর ৮৫০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরোও ২৫০জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে।



## নবগঠিত কার্যনির্বাহী পরিষদের অভিষেক অনুষ্ঠিত
### 'সংগ্রাম'র উন্নয়নের ধারা অব্যাহত রাখার প্রতিশ্রুতি'



নতুন মেয়াদে সংগ্রাম'র কার্যনির্বাহী পরিষদ গঠিত হয়েছে। ৮ জুলাই সন্ধ্যায় বরগুনার শহীদ স্মৃতি সড়কে, সংগ্রাম প্রধান কার্যালয়ের হল রুমে সংগ্রামের নব নির্বাচিত কমিটির অভিষেক ও বিদায়ী কমিটির বিদায় সংবর্ধনা অনুষ্ঠান সম্পন্ন হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম। এসময় সংগ্রাম'র অগ্রগতি তুলে ধরেন নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। অভিষেক হওয়া নতুন কমিটির হাতে ফুল তুলে দিয়ে শুভেচ্ছা জানানোর পাশাপাশি বিদায়ী কমিটির সদস্যদের ক্রেস্ট তুলে দেন সংগ্রাম'র নির্বাহী পরিচালকসহ উর্ধতন কর্মকর্তাবৃন্দ। এই অনুষ্ঠানে সংগ্রাম'র উপনির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মাদ মঈন, সিনিয়র পরিচালক (অ্যাডমিন) রেশমাতুজ্জামান, পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদার, পরিচালক (ঋণ) মোঃ হুমায়ুন কবির, সহকারী পরিচালক (প্রোগ্রাম) এ.এন.এম আশরাফ উদ্দিন, সহকারী পরিচালক (ঋণ) ফয়সাল আহম্মদ, মিডিয়া অফিসার মো: আরিফ মিয়া, সংগ্রাম'র মিডিয়া অফিসার ও দৈনিক স্বাধীন বাণী পত্রিকার বার্তা সম্পাদক মো: সানাউল্লাহ রিয়াদ উপস্থিত ছিলেন। বিদায়ী কমিটি'র সভাপতি অধ্যক্ষ জিয়াউল করিম বলেন, ১৯৮৫ সালে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় প্রতিষ্ঠিত হওয়া ৩৮ বছরে সংগ্রাম বরিশাল বিভাগে একটি অনন্য প্রতিষ্ঠানে রূপায়িত হয়েছে। বর্তমানে সংস্থাটি নয়টি প্রকল্পের আওতায় ১৫ লক্ষ ৫০ হাজার অংশীজনের ইতিবাচক উন্নয়নে কাজ করছে।

অগ্রগতির ধারা অব্যাহত রাখবেন বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন সদ্য নির্বাচিত সভাপতি অধ্যক্ষ জাহাঙ্গীর হোসেন, সাধারণ সম্পাদক আমিনুর রহমান, সহ-সভাপতি চৌধুরী মরিয়ম, সদস্য আনোয়ার হোসেনসহ নতুন কার্যনির্বাহী পরিষদ'র সদস্যবৃন্দ।

## ক্ষুদ্র উদ্যোক্তাদের পণ্যের গুণগত মান উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

সংগ্রাম'র আয়োজনে "ক্ষুদ্র উদ্যোগে উৎপাদিত পণ্যের মানোন্নয়ন, ব্র্যান্ডিং এবং ই-কমার্স ভিত্তিক বিপণন বিষয়ক উপ প্রকল্প" এর আওতায় উদ্যোক্তাদের পণ্যের গুণগত মানোন্নয়ন বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহযোগিতায় ও সংগ্রাম'র বাস্তবায়নে অত্র প্রকল্পের আওতায় গত ১৬ মে শহীদ স্মৃতি সড়কে সংগ্রাম প্রধান কার্যালয়'র হল রুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ উদ্বোধন করেন- অনুষ্ঠান'র প্রধান অতিথি সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় মহিলা সংস্থা বরগুনার প্রশিক্ষণ কর্মকর্তা মো: রাসেল ও সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাসউদ সিকদার। এসময় উপস্থিত ছিলেন- সংস্থার সহকারী পরিচালক এ এন এম আশরাফ উদ্দিন, প্রকল্পটির প্রকল্প ম্যানেজার মোঃ আল-আমিন, মিডিয়া অফিসার মো: সানাউল্লাহ রিয়াদ। এসকল ক্ষুদ্র উদ্যোক্তাদের সব ধরনের সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন- সংগ্রাম'র উপনির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মাদ মঈন।

এ প্রশিক্ষণে বিভিন্ন ট্রেড'র ক্ষুদ্র উদ্যোক্তারা অংশগ্রহন করেন। নিজেদের তৈরি পণ্য আরও প্রচার ও প্রসার করতে কেবল দেশই নয়, বরং বিদেশেও রপ্তানী করতে চান এসকল নারী ও পুরুষ ক্ষুদ্র উদ্যোক্তাগণ। ইতোমধ্যে এন এস হেয়ার সলিয়েশন নামে প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী ইসরাত জাহান নিপা জানান, তার তৈরি অর্গানিক হেয়ার ওয়েল ও নারিকেল তেল দেশের বিভিন্ন প্রান্তসহ বিদেশেও অনলাইনের মাধ্যমে বিক্রি হচ্ছে।



*বক্তৃতা রাখছেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোঃ মাসুম*

## গৃহনির্মাণে ৫০ পরিবারের মাঝে
### সহজ শর্তে ঋণ বিতরণ করেছে সংগ্রাম



*গৃহহীন পরিবারের হাতে চেক তুলে দিচ্ছেন অনুষ্ঠানের প্রধান অতিথি সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম*

দরিদ্র পরিবারের আবাসন সমস্যা দূর করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট'র অর্থায়নে সংগ্রাম গৃহহীন পরিবারে ঋণ প্রদান করে আসছে ২০১৩ সন থেকে। এরই ধারাবাহিকতায় গৃহহীণ ৫০টি পরিবার পেল সংগ্রামের গৃহনির্মাণ ঋণ। ১১ এপ্রিল, সংগ্রাম পাথরঘাটা শাখা কার্যালয় মিলনায়তনে গৃহহীন পরিবারের হাতে তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম। সংগ্রাম এ পর্যন্ত মোট ১শ' ৮৭ টি পরিবারের মাঝে গৃহনির্মাণ এর ঋণ বিতরণ করেছে। বিতরণকৃত অর্থের পরিমান ২ কোটি ৬৬লাখ ৪০ হাজার টাকা। এ কর্মসূচির আওতায় আরো ২ শত ঘর নির্মাণে ঋণ প্রদান করা হবে। এতে বরাদ্দ হয়েছে ২ কোটি ৬০ লাখ টাকা।

এই উদ্যোগের ফলে গৃহঋণপ্রাপ্ত পরিবারের সামাজিক মূল্যায়ন বৃদ্ধির পাশাপাশি সামাজিক সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এই পরিবারগুলো ফিরে পেয়েছে মাথা গোঁজার ঠাঁই। বাংলাদেশ ব্যাকের ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট'র অর্থায়নে ও সংগ্রাম'র বাস্তবায়নে গৃহনির্মাণ ঋণ প্রাপ্ত পরিবারগুলো ৩৬টি কিস্তির মাধ্যমে ৫.৫ ক্রমহ্রাসমান পদ্ধতিতে তিন বছরে মোট টাকার সাথে মাত্র ১১ হাজার ২৩ টাকা অতিরিক্ত প্রদান করে।

## পাথরঘাটায় বেবি তরমুজ চাষ বিষয়ে সর্জান চাষীদের প্রশিক্ষণ



*বক্তব্য রাখছেন পাথরঘাটা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আলমগীর হোসেন*

বেসরকারি উন্নয়ন সংস্থা সংগ্রাম ৯ মে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার পাথরঘাটা সদর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে সর্জান চাষীদের বেবি তরমুজ চাষ বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করে। পিকেএসএফ এর সহায়তায় বাস্তবায়িত পেস-সূর্যমূখী প্রকল্পের আওতায় অত্র প্রশিক্ষণে ২৫জন সর্জান চাষীকে প্রশিক্ষণ প্রদান করেন পাথরঘাটা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ফারজানা তাসনিম।

চৌধূরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট'র অধ্যক্ষ কৃষিবিদ মো: জাকির হোসেনের সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাথরঘাটা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আলমগীর হোসেন, বিশেষ অতিথি সংগ্রামের পরিচালক ( প্রশিক্ষণ) মো. মাসউদ সিকদার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা শ্যমল হাওলাদার। স্বাগত বক্তব্য রাখেন পেস-সূর্যমুখী প্রকল্পের ভিসিএফ মুসলিমা খাতুন।

সুস্বাদু, রসালো, তৃষ্ণা নিবারক এবং তৃপ্তিদায়ক ফল হিসেবে তরমুজের জুড়ি মেলা ভার। সম্প্রতি দেশের বাজারে সারা বছর চাষ করা যায় এমন এক ধরণের তরমুজ পাওয়া যাচ্ছে যাকে বেবী তরমুজ বলা হয়। এই তরমুজ ৭০ থেকে ৮০ দিনে ফলন পাওয়া যায় এবং বিঘা প্রতি ৬ থেকে ৮ টন ফলন পাওয়া যায়। দুর্যোগ প্রবণ এবং লবনাক্ত জমিতে সহজে আবাদযোগ্য স্বল্প সময়ে অধিক লাভজনক বেবী তরমুজ চাষ কৃষকদের জন্য হতে পারে আশির্বাদ।

মানসিক অসুস্থ ব্যক্তিদের

## বিনামুল্যে চিকিৎসা ক্যাম্প

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহযোগিতায় বরগুনার পাথরঘাটা উপজেলার হাতেমপুর ও বামনা উপজেলার ডৌয়াতলায় ২০ ও ২১ জুন সংগ্রামের আয়োজনে মানসিক অসুস্থ ব্যক্তিদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। দুটি ক্যাম্পের মাধ্যমে ১৬৮জন মানসিক অসুস্থ ব্যক্তির সেবা প্রদান করা হয়। চিকিৎসা ক্যাম্পে রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান করেন বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের মানসিক রোগের বিভাগীয় প্রধান ডা. সৈয়দ মাহবুব-ই-কিবরিয়া, সংগ্রাম স্বাস্থ্যকেন্দ্রের আবাসিক মেডিকেল অফিসার ডা. নিউটন হালদার।

সমৃদ্ধি কর্মসূচির আওতায় ২৭ জন স্বাস্থ্য পরিদর্শক রয়েছে। এরা প্রতিদিন ২৫ টি বাড়ির সকল সদস্য স্বাস্থ্য বিষয়ক তথ্য সংগ্রহ করেন। করোনার মহামারির কারনে পাথরঘাটা ও ডৌয়াতলা ইউনিয়নে প্রায় ২৪৭ জন মানসিক রোগির তথ্য বেড়িয়ে এসেছে। এই পরিস্থিতির উপর ভিত্তি করে মানসিক অসুস্থদের জন্য বিনামূল্যে ক্যাম্পের আয়োজন করা হয়।




## কৈশোর কর্মসূচির প্রশিক্ষণ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা



'মেধা ও মননের সুন্দর আগামী' এই প্রতিপাদ্যকে সামনে রেখে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় সংগ্রাম'র বাস্তবায়নে কৈশোর কর্মসূচীর আওতায় কিশোর-কিশোরীদের নেতৃত্ব উন্নয়ন ও সফট স্কিল বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ৫হাজার ৮শ' ৫০জন কিশোর-কিশোরী এই কর্মসূচির আওতায় প্রশিক্ষণ পেয়েছে।

কৈশোর কর্মসূচির সদস্যদের সাংস্কৃতিক অঙ্গনে নৈপূণ্য ও দক্ষতা বাড়ানোর জন্য ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ক্রিড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

২টি উপজেলায় ১০ টি ইউনিয়ন ও বরগুনা পৌরসভায় ১৩৫টি কিশোর ও ১৩৫টি কিশোরী ক্লাবে ২৫ মে থেকে শুরু হয়ে ৩১ জুন পর্যন্ত এ প্রতিযোগিতা চলমান থাকে। কিশোর ও কিশোরীদের ভিন্ন ভিন্ন ভাবে চারটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের পুরস্কার প্রদান করা হয়।

সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির ইভেন্টসমূহ নিয়ে প্রথমে প্রতি ওয়ার্ডে অনুষ্ঠান পরিচালনা করা হয়। পরে ওয়ার্ড পর্যায়ের বিজয়ী অংশগ্রহণকারীদের নিয়ে ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠান আয়োজন করা হয়। অতঃপর ইউনিয়নের বিজয়ীদের নিয়ে উপজেলা পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের অয়োজন করা হয়।



# শিক্ষা বিষয়ক গ্লোবাল একশন সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত




বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক, শিক্ষা ও আইসিটি) ফয়সাল আহমেদ।

"ন্যায্যতাভিত্তিক বিনিয়োগ: শিক্ষায় অর্থায়নে ঔপনিবেশিকতার অবসান" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বরগুনায় শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। সংগ্রাম ও গণসাক্ষরতা অভিযানের উদ্যোগে ১ জুন বরগুনা প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরগুনা জেলা প্রশাসক কার্যালয়'র অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক, শিক্ষা ও আইসিটি) ফয়সাল আহমেদ। সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম'র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরাম'র সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল মোতালেব মৃধা, পাথরঘাটা ডিগ্রী কলেজের সাবেক অধ্যক্ষ মো: জাহাঙ্গীর হোসেন, বরগুনা জিলা স্কুল'র প্রধান শিক্ষক মো: শাহাদাৎ হোসেন, প্রেসক্লাব'র সভাপতি অ্যাডভোকেট সঞ্জীব দাস। সাংবাদিক মনির হোসেন কামালের সঞ্চালনায় উন্মুক্ত আলোচনায় কথা বলেন সাংবাদিক জাকির হোসেন মিরাজ, বরগুনা জেলা প্রিন্ট মিডিয়া সাংবাদিক ফোরাম এর সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম টিটু মোল্লা, অন্বেষার নির্বাহী পরিচালক শামস উদ্দিন খান, পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: ইদ্রিসুল আলমসহ আগত শিক্ষক ও শিক্ষিকাগণ। আলোচকগণ তাদের শিক্ষা বিষয়ক নানা ধরনের মতামত তুলে ধরেন। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন- সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মো: মাসউদ সিকদার। ধারণাপত্র পাঠ করেন সংগ্রাম'র সহকারী পরিচালক (প্রোগ্রাম) এ এন এম আশরাফ উদ্দিন।

## লক্ষ্যমাত্রা অর্জন করায় সংগ্রাম'র ঋণ কর্মসূচির ৩২কর্মী পুরস্কৃত

২০২২-২৩ অর্থবছরের অগ্রগতি পর্যালোচনা সভা করেছে সংগ্রাম। ঋণ কার্যক্রমের লোকবল মূল্যায়ণের আলোকে ঋণ কার্যক্রমের ৩২ জন স্টাফকে পুরস্কৃত করা হয়েছে।

১৫ জুলাই সংগ্রাম প্রধান কার্যালয়ে ঋণ কর্মসূচির বার্ষিক অগ্রগতি পর্যালোচনা সভায় সহকারী পরিচালক (ঋণ), ২জন এরিয়া ম্যানেজার, ৬জন শাখা ব্যবস্থাপক, ৯জন হিসাবরক্ষক ও ১৪জন ফিল্ড অফিসার এ পুরস্কার অর্জন করেন।

পুরস্কারপ্রাপ্তদের হাতে নগদ অর্থ তুলে দেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। এ সময় পরিচালক (প্রশাসন) রেশমতুজ্জামান, পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ শিকদার, পরিচালক (ঋণ) হুমায়ুন কবির, উপ-পরিচালক (অর্থ) কেএম হাসান, সহকারী পরিচালক (কর্মসূচি) এএনএম আশরাফ উদ্দিন সহ প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও বরিশাল বিভাগের ছয় জেলায় কর্মরত পঞ্চাশ শাখা ব্যবস্থাপক উপস্থিত ছিলেন।

চলতি বছরের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত ঋণ প্রকল্পের প্রবৃদ্ধি ও বিভিন্ন সূচকে অর্জন উপস্থাপন করেন সংগ্রাম'র ঋণ কার্যক্রমের প্রধান মো: হুমায়ুন কবির। আগামী অর্থবছরের টার্গেট ও প্লান এবং বাজেট তুলে ধরেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন।





## পটুয়াখালী লোকজ মেলায় সংগ্রাম'র শুঁটকি




পটুয়াখালী জেলা প্রশাসন'র আয়োজনে ও বিসিক'র সহযোগিতায় পাঁচদিনব্যাপী লোকজ মেলা অনুষ্ঠিত হয়েছে। গত ১৪ এপ্রিল থেকে ১৮ এপ্রিল পর্যন্ত পটুয়াখালীর জেলা প্রশাসন চত্বরে এ মেলা অনুষ্ঠিত হয়। মেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সাথে উন্নতমানের শুঁটকি ব্যবস্থাপনা ও ক্ষুদ্র উদ্যোক্তা তৈরির লক্ষে মেলায় বরগুনা জেলায় প্রতিষ্ঠিত উন্নয়ন সংস্থা সংগ্রাম'র সাসটেইনেবল ডেভেলমেন্ট প্রজেক্ট (এসইপি) অংশ নেয়।

এসইপি'র নিরাপদ শুঁটকির স্টল পরিদর্শণ করেন জেলা প্রশাসক শরীফুল ইসলাম, বিসিক'র সহকারী ব্যবস্থাপক কাজী মো: তোফাজ্জেল হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ। মেলায় প্রদর্শনী হিসেবে গ্রীন মাঁচা, ফিস ড্রায়ার ও ভ্যাকুয়াম মেশিনের ডেমো এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের বিভিন্ন শুঁটকি রাখা হয়। নিরাপদ শুঁটকি তৈরির বিভিন্ন ভিডিও, স্থির তথ্য চিত্র এবং প্রকল্পের প্রামান্য চিত্র মেলায় প্রদর্শন করা হয়। এসময় ক্ষুদ্র উদ্যোক্তাদের তৈরি হরেক রকমের শুঁটকি এসইপি'র স্টল থেকে মেলায় আগত অতিথিরা ক্রয় করেন। বিষমুক্ত শুঁটকির গুণাগুণ এবং প্রকল্প হতে পরিবেশগতভাবে বিষমুক্ত শুঁটকি প্রক্রিয়াজাতে সংগ্রাম'র কার্যকরী ভূমিকা তুলে ধরা হয়েছে এ মেলার মাধ্যমে। ৫ দিনের এই মেলায় বিষমুক্ত শুঁটকির স্টল পর্যবেক্ষকদের উপস্থিতিতে সরগরম ছিলো।

**পৃষ্ঠপোষক ঃ** চৌধূরী মুনীর হোসেন
**নির্বাহী সম্পাদক ঃ** চৌধূরী মোহাম্মাদ মঈন, **সম্পাদক ঃ** মো. মাসউদ সিকদার, **গ্রাফিক্স ঃ** মিডিয়া অফিসার- মো. আরিফ মিয়া
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন ঃ +৮৮ ০২৪৭৮৮৬৮২৮
E-mail: sangramngo@yahoo.com, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo